# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 02-01-2025** **Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের অগ্রগতি খতিয়ে দেখতে রাজ্য সরকার আজ পর্যালোচনা বৈঠকে বসছে।

২) নতুন বছরের শুরুতেই বিভিন্ন দফতরে শূন্যপদ পূরণে উদ্যোগী হয়েছে রাজ্য সরকার।

৩) PM ফসল বীমা যোজনা ও পুনর্গঠিত আবহাওয়া ভিত্তিক শস্যবীমা যোজনা-র মেয়াদ, ২০২৫-২৬ সাল পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা।

৪) আজ সূচনা হচ্ছে রাজ্য সঙ্গীত মেলার ।

৫) নতুন বছরের শুরুতেই দক্ষিণবঙ্গে ফের শীতের আমেজ।

৫) আই এস এল ফুটবলে যুব ভারতী ক্রীড়াঙ্গণে মোহনবাগান সুপার জায়েন্ট আজ হায়দ্রাবাদ এফ সি-র মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের অগ্রগতি খতিয়ে দেখতে রাজ্য সরকার আজ পর্যালোচনা বৈঠকে বসছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে দুপুরে নবান্ন সংলগ্ন সভাঘরে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, বিভিন্ন দপ্তরের মন্ত্রী, সচিবদের বলা হয়েছে। এছাড়াও রাজ্য পুলিশের মহানির্দেশক, কলকাতা পুলিশ কমিশনার সহ বিভিন্ন কমিশনারেটের কমিশনাররাও বৈঠকে যোগ দেবেন। জেলাস্তরে পুলিশ সুপার এবং জেলা শাসকদেরও ভার্চুয়ালি বৈঠকে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooo

নতুন বছরের শুরুতেই রাজ্য সরকার বিভিন্ন দফতরের শূন্যপদ পূরণে উদ্যোগী হচ্ছে। এরই অঙ্গ হিসাবে সচিবালয় পর্যায়ের দফতরগুলিতে শূন্যপদের সংখ্যার পর্যলোচনা শুরু হয়েছে।

রাজ্যের কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দফতর শূন্যপদের সংখ্যা জানতে চেয়ে বিভিন্ন দফতরকে ইতোমধ্যেই চিঠি পাঠিয়েছে। সেখানে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, আপার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, হেড অ্যাসিস্ট্যান্ট ও সেকশন অফিসারের মোট অনুমোদিত পদ ও কর্মরতদের সংখ্যা এবং কত পদ শূন্য রয়েছে তার বিস্তারিত পরিসংখ্যান তলব করা হয়েছে। ৩১ শে জানুয়ারির মধ্যে দফতরগুলিকে এই সংক্রান্ত তথ্য নির্ধারিত বয়ানে জমা দিতে হবে।

একই সঙ্গে ডিরেক্টরেট ও আঞ্চলিক পর্যায়ের অফিসগুলিতে অনুমোদিত পদ এবং বর্তমান কর্মী সংখ্যা পর্যালোচনার প্রক্রিয়াও শুরু হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে খবর। গ্রুপ-ডি পদে নিয়োগ হবে নবগঠিত স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। গ্রুপ সি-এলডিএ পদে নিয়োগ করতে ক্লার্কশিপ পরীক্ষা গ্রহণের জন্যও শীঘ্রই বিস্তারিত

বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। পাবলিক সার্ভিস কমিশনের পক্ষ থেকে তা ইতিমধ্যে জানিয়েও দেওয়া হয়েছে। পদোন্নতির মাধ্যমে এলডিএ'-র উপরের পদগুলি পূরণ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার চলতি খরিফ মরশুমের প্রথম দু'মাসে কৃষকদের কাছ থেকে রেকর্ড পরিমাণ ধান সংগ্রহ করেছে। গত বছরের নভেম্বর- ডিসেম্বরের তুলনায় এবার কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান সংগ্রহের পরিমাণ দ্বিগুণেরও বেশি বলে জানা গেছে।

খাদ্য দফতর সূত্রে জানা গেছে, ৩০ শে ডিসেম্বর পর্যন্ত ৮ লক্ষ ৩৯ হাজার কৃষকের কাছ থেকে মোট ২৬ লক্ষ ৬৯ হাজার টন ধান সংগ্রহ করা হয়েছে। কর্মসূচির সাফল্যের জন্য খাদ্য দফতরের প্রধান সচিব পারভেজ আহমেদ সিদ্দিকি এই প্রক্রিয়ার সঙ্গে যুক্ত সবপক্ষকে ধন্যবাদ জানিয়ে বিশেষ বার্তা পাঠিয়েছেন। মরশুমের বাকি সময়েও ধান কেনার গতি যাতে বজায় থাকে সেজন্যও নির্দেশ দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, ২০২৪-২৫ খরিফ মরশুমের ধান সংগ্রহ শুরু হয়েছে নভেম্বরে, চলবে আগামী সেপ্টেম্বর মাস পর্যন্ত। এই সময়ে ৬৬ লক্ষ টন ধান কেনার লক্ষ্যমাত্রা নির্দিষ্ট করা হয়েছে।

এদিকে রাজ্যের কৃষকবন্ধু প্রকল্পের অন্তর্ভুক্ত চাষিদের কাছ থেকে ন্যূনতম ৩০ কুইন্টাল ধান কেনা বাধ্যতামূলক করা হচ্ছে। কৃষকের জমির পরিমাণ নির্বিশেষে এই নিয়ম কার্যকর করার জন্য খাদ্য দফতর, জেলা আধিকারিকদের নির্দেশ দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় মন্ত্রিসভা, পিএম ফসল বীমা যোজনা ও পুনর্গঠিত আবহাওয়া ভিত্তিক শস্য বীমা যোজনা ২০২৫-২৬ সাল পর্যন্ত সম্প্রসারিত করার সিদ্ধান্ত নিয়েছে।

মন্ত্রীসভার বৈঠক শেষে, তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব গতকাল নতুন দিল্লীতে সাংবাদিকদের বলেন, এই দুই প্রকল্পের অধীনে ব্যয় বরাদ্দ বাড়িয়ে ৬৯ হাজার ৫১৫ কোটি টাকা করা হয়েছে। বীমার আওতায় আসা ৫৭ শতাংশ কৃষক তপশিলি জাতি - উপজাতি এবং ও বি সি সম্প্রদায়ভুক্ত। শ্রী বৈষ্ণো বলেন, বিগত ৮ বছরে, ১ লক্ষ ৭০ হাজার কোটি টাকা উপভোক্তাদের হাতে তুলে দেওয়া হয়েছে। নতুন বছরের প্রথম মন্ত্রিসভার বৈঠক কৃষকদের জন্য করা হয়েছে বলে উল্লেখ করেন তিনি।

(বাইট - অশ্বিনী বৈষ্ণব)

০০০০০০০০০০০০০০০০০০০

জাল পাসপোর্ট কান্ডের তদন্তে লালবাজারের গোয়েন্দা পুলিশ আরো একজনকে গ্রেপ্তার করেছে। ধীরেন ঘোষ নামে ওই ব্যক্তিকে নদীয়ার মদনপুর দু নম্বর গ্রাম পঞ্চায়েতের আলাইপুর জমাদারপাড়ার একটি বাড়ি থেকে পাকড়াও করা হয়। টাকার বিনিময়ে ঐ ব্যক্তি জাল পাসপোর্ট তৈরি করে দিত বলে অভিযোগ। আগেই গ্রেপ্তার হওয়া মূল চক্রী মনোজ গুপ্তকে জেরা করে ধীরেন ঘোষের সন্ধান মেলে বলে, পুলিশ সূত্রে জানা গেছে। গতকাল তাকে আলিপুর আদালতে তোলা হলে ১৪ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

রাজ্য জঙ্গী কার্যকলাপ ও অবৈধ কাজ কর্মের স্বর্গরাজ্য হয়ে উঠেছে বলে বর্ষীয়ান কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী কটাক্ষ করেছেন।

(বাইট – অধীর)

০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালে কর্তব্যরত মহিলা চিকিৎসকের ধর্ষন ও হত্যার প্রতিবাদে চিকিৎসক ও চিকিতসাকর্মীদের সংগঠনগুলি গতকাল অভয়ার নামে শপথ দিবস পালন করে। জুনিয়র চিকিৎসকদের সংগঠনগুলির তরফে যে মূর্তি প্রতিষ্ঠা করা হয়েছে সেখানে নানা কর্মসূচি পালন করা হয়। মেডিকেল সার্ভিস সেন্টার, সার্ভিস ডক্টর'স ফোরাম ও নার্সেস ইউনিট এই তিনটি সংগঠন এর আয়োজন করে। উপস্থিত ছিলেন জুনিয়র ডক্টরস ফ্রন্ট এবং আর জি কর মেডিকেল কলেজের রেসিডেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন এর সদস্যরাও। আন্দোলনকে আরো গতিময় করে তোলার পাশাপাশি রাজ্যবাসীর কাছে ফের সুবিচারের দাবিতে এগিয়ে আসার আবেদন জানিয়েছেন তারা।

০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের বিভিন্ন পদে ক্যাজুয়াল চুক্তিভিত্তিক নিয়োগের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত। সফল পরীক্ষার্থীদের নামের তালিকা আকাশবাণী ভবনের রিসেপশন এবং সংবাদ বিভাগের সামনে টাঙানো আছে। আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের সমস্ত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এই তালিকা দেখতে পাওয়া যাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাসের আয়ুর বদলে বাস বাতিলের ক্ষেত্রে সেটির স্বাস্থ্য বিবেচ্য হোক এই আবেদন জানিয়ে বেসরকারি বাসমালিকদের ছ'টি সংগঠনের করা মামলার আজ কলকাতা হাই কোর্টে শুনানি হবার কথা । রাজ্য সরকার ছাড়াও কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রক এবং রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের বিরুদ্ধে সম্প্রতি হাই কোর্টে ওই মামলা দায়ের করা হয়েছে। বৃহত্তর কলকাতা এলাকায় ১৫ বছরের পুরনো বাসের পারমিট নবীকরণ না করার সরকারি সিদ্ধান্তের অস্পষ্টতা নিয়েও প্রশ্ন তুলেছে বেসরকারি বাসমালিক

সংগঠন। তাদের অভিযোগ, কলকাতায় গণ পরিবহণের যাত্রীদের ৪০ শতাংশের ভারই বেসরকারি বাস বহন করে। তাই ১৫ বছরের গেরোয় বহু বাস এক লপ্তে বাতিল হয়ে গেলে তার আঁচ সার্বিক পরিবহণ ব্যবস্থার উপরে এসে পড়বে। দুর্ভোগে পড়বেন অসংখ্য মানুষ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার তুলসীহাটায় তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে কম্বল ও খিচুড়ি বিতরণ অনুষ্ঠানে ধাক্কাধাক্কিতে ৭ জন আহত হয়েছেন। তাদের মধ্যে ৫ জন মহিলা। অল্প জায়গার মধ্যে বহু মানুষ সমবেত হওয়ার ফলে হুড়োহুড়ির সৃষ্টি হয়। মাঠের এক পাশের একটি দেওয়াল ভেঙে পড়লে, তার নীচে চাপা পড়েন বেশ কয়েকজন। আহতদের কয়েকজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের ভারত বাংলাদেশ সীমান্তে, দিনহাটার ঝিকরি তে বিপুল পরিমাণ আমেরিকান ডলার উদ্ধার করেছে সীমান্ত নিরাপত্তা বাহিনী BSF। উদ্ধার হয়েছে প্রায় এক লক্ষ টাকার বাংলাদেশি নোট। এই টাকা ভারত থেকে বাংলাদেশে পাচার করা হচ্ছিল বলে জানা গেছে।

এদিকে, টাকার বিনিময়ে বিদেশী মুদ্রা পাইয়ে দেওয়ার নামে প্রতারণার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে বীরভূমের বীজপুর থানার পুলিশ। ধৃত রাজু বিশ্বাস বহরমপুর এবং আফতাব করাবি বাংলাদেশের বাসিন্দা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বনগাঁ থানার আরামডাঙ্গা এলাকায় বনগাঁ বাগদা সড়কে বেপরোয়া ট্রাকের ধাক্কায় এক সিভিক ভলেন্টিয়ার এর মৃত্যু হয়েছে। বাজার থেকে বাইক চালিয়ে বাড়ি ফেরার পথে সৌমিত্র আচার্য নামে ঐ যুবককে একটি গাড়ি এসে ধাক্কা দেয়। তিনি বনগাঁ থানার আরাম ডাঙ্গা এলাকার বাসিন্দা। স্থানীয়দের অভিযোগ বনগাঁ বাগদা সড়ক দিয়ে জলের পাইপ বসানোর জন্য দীর্ঘদিন ধরে রাস্তা খোঁড়ার কাজ চলছে। সংকীর্ণ রাস্তার কারণে এই দুর্ঘটনা বলে তাঁদের অভিযোগ।

oooooooooooooooooooo

বাঁকুড়ার বিষ্ণুপুরের বাঁকাদহ চৌবেট্যা মোড়ের কাছে গতকাল পথ দুর্ঘটনায় এক যুবকের মৃত্যু হয়েছে। জানা গেছে, একটি যাত্রী বোঝাই বাস নিয়ন্ত্রণ হারিয়ে বাইকে ধাক্কা মেরে উল্টে যায়। ঘটনাস্থলেই বাইক আরোহী যুবকের মৃত্যু হয়েছে। বাসের বেশ কয়েকজন যাত্রী আহত হয়েছেন বলে জানা গেছে।

oooooooooooooooooooo

রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি মন্ত্রক আয়োজিত সঙ্গীতমেলার সূচনা হচ্ছে আজ। চলবে ৯ই জানুয়ারি পর্যন্ত। কলকাতার পাশাপাশি এবার জেলাতেও সঙ্গীতমেলার আয়োজন হচ্ছে। কলকাতায় ১১টি জায়গার পাশাপাশি আরও ৪ জেলায় সঙ্গীতমেলার আয়োজন করা হবে বলে তথ্য-সংস্কৃতি দফতরের প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন জানিয়েছেন। রবীন্দ্রসদন, শিশির মঞ্চ, মহাজাতি সদন, হেদুয়া পার্ক, মধুসূদন মুক্তমঞ্চ, একতারা মুক্তমঞ্চ, দেশপ্রিয় পার্ক, ঋষি অরবিন্দ পার্ক, মোহরকুঞ্জ, রাজ্য সংগীত অ্যাকাডেমি মুক্তমঞ্চে বসবে সঙ্গীত মেলার আসর। প্রায় ৫ হাজারের বেশি সঙ্গীতশিল্পী, যন্ত্রশিল্পী ও সঞ্চালক অংশ নেবেন মেলায়। এবারেও শতবর্ষের শ্রদ্ধাঞ্জলি হিসেবে

সম্মান জানানো হবে উৎপলা সেন, সুচিত্রা মিত্র, ছবি বন্দ্যোপাধ্যায় ও কণিকা বন্দ্যোপাধ্যায়কে। তাঁদের নামাঙ্কিত প্রদর্শনী গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় চলবে ২ থেকে ৯ জানুয়ারি পর্যন্ত।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তুরের হাওয়ার হাত ধরে রাজ্যে ফের শীতের আমেজ। আগামী কয়েকদিন রাতের তাপমাত্রায় বিশেষ কোন হেরফের হবে না বলে আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

(বাইট- সোমনাথ)

এদিকে, আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৩ দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রী কম। সর্বোচ্চ তাপমাত্র ২৩ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান সুপার জায়ান্ট, আজ আইএসএল ফুটবলে হায়দরাবাদ এফসি-র মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মোহনবাগান ১৩ ম্যাচে ২৯ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে আছে। দ্বাদশ স্থানে থাকা হায়দরাবাদের সমসংখ্যক ম্যাচে পয়েন্ট আট।

০০০০০০০০০০০০০০০০০০

৬ বছর বাদে সন্তোষ ট্রফি জয় করে শহরে ফিরল বাংলা ফুটবল দল। গতরাতে

কলকাতা এসে পৌঁছায় তারা। বিমানবন্দরে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন রাজ্যের ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাস, আইএফএ সচিব অনির্বান দত্ত, সভাপতি অজিত বন্দ্যোপাধ্যায় প্রমুখ। ঢাক বাজিয়ে বাংলা দলকে স্বাগত জানায় অগণিত সমর্থক।

ooooooooooooooooooo

ooooooooooooooooooooo